গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

তারিখ: ১৫.০২.২০২২ খ্রি.

# ২০২০ সালের মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

১। আবেদনের যোগ্যতা:

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫ সাল ও তৎপরবর্তী সালসমূহে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে না।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫ সাল ও তৎপরবর্তী সালসমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

গ) আবেদনের যোগ্যতা পূরণ করলে কারাবন্দীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে পারবে।

ঘ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ক্রমে আবেদন করতে পারবে।

ঙ) আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

২। অনলাইনে রেজিস্ট্রেশন (জাতীয় বিশ্ববিদ্যালয়) আবেদনের নিয়ম :

ক) আবেদনের জন্য প্রার্থীগণ ১৫.০২.২০২২ তারিখ থেকে ২৭.০২.২০.২২ তারিখ পর্যন্ত www.nu.ac.bd/admissions ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে হবে। Master's Tab-এ গিয়ে Apply Now (Masters Private) অপশন থেকে আবেদন করতে হবে। আবেদন ফরম পূরনের সময় প্রার্থীর পাসপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙ্গিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ 120×150 pixels, Image Type: jpg এবং maximum file size: 50Kb আবেদন দাখিলের পর প্রার্থী একটি PIN এবং রোল নম্বর পাবেন। আবেদনপত্র A4 সাইজ (8.5"×11") অফসেট সাদা কাগজে প্রিন্ট নিতে হবে। উল্লেখ্য যে, আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি আবেদন ফরমে আপলোড করা হলে অথবা কোন ধরনের ভুল তথ্য উপস্থাপন করলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

খ) অনলাইন আবেদনের কপি কালার প্রিন্টার দ্বারা প্রিন্ট আউট নিয়ে তার দুটি অংশেই প্রার্থী স্বাক্ষর দিবেন।

গ) আবেদন এবং রেজিস্ট্রেশনের জন্য নির্ধারিত ফি রকেট এর মাধ্যমে জমা দিয়ে ট্রানজেকশন নম্বর সংগ্রহ করতে হবে।

ঘ) রকেট এ টাকা জমাদানের Biller ID: 4089

ঙ) আবেদন ফরমের উপর ও নিচ উভয় অংশে মোবাইল নম্বর, রকেট এর মাধ্যমে প্রেরিত ট্রানজেকশন নম্বর ও পিন নম্বর লিখে কলেজ ওয়েবসাইট (www.mccollege.edu.bd)-এ সাবমিট করতে হবে।

**চ) পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন:**

আবেদনকারীকে তার আবেদন ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি সঠিক আছে কিনা তা যাচাই করে নিতে হবে। আবেদন ফরমে তথ্যগত অমিল অথবা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদনকারী তার আবেদন ফরমটি বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে Master's Tab-এ গিয়ে Applicant Login [Masters (Private)] অপশনে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। পরবর্তীতে আবেদনকারী Form Cancel/Photo Change Option এ গিয়ে Click to Generate the Security key অপশনটি ক্লিক করলে তার ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) দেয়া হবে। এই OTP এন্ট্রি দিয়ে আবেদনকারী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও সঠিক ছবি আপলোড করতে পারবে। উল্লেখ্য যে, আবেদনকারী শুধুমাত্র একবারই ফরম বাতিলের সুযোগ পাবে। কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করা হলে ঐ আবেদনকারী আর ফরম বাতিল করতে পারবে না।

ছ) দ্বৈত ভর্তি সংক্রান্ত কোনো জটিলতার জন্য কলেজ কর্তৃকপক্ষ দায়ী থাকবে না।

৩। রেজিস্ট্রেশনের জন্য বিষয় নির্বাচন :

ক) বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, ইসলামী স্টাডিজ, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি বিষয়ে আবেদন করা যাবে।

খ) আসন সংখ্যা: প্রতিটি বিষয়ে সর্বোচ্চ ১০০০ জন শিক্ষার্থী আবেদন করতে পারবে।

৪। আবেদন ও রেজিস্ট্রেশনের জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ধার্যকৃত ফি:

| আবেদন ফি | রেজিস্ট্রেশন ফি | ইনকোর্স ফি | ব্যবস্থাপনা ফি | সর্বমোট |
|---|---|---|---|---|
| ৩০০/- | ৮০০/- | ২০০/- | ৫০/- | ১৩৫০/- |

৫। ক) ২০২০ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামের জন্য ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের বিষয়ভিত্তিক সিলেবাস প্রযোজ্য হবে।

খ) মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩ (তিন) শিক্ষাবর্ষ।

গ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ক্রমে আবেদন করতে পারবে এবং "শিক্ষা ছুটি দেয়া হবে" মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

৬। কলেজ ওয়েবসাইটে আবেদন ফরম সানমিট করার পদ্ধতি:

ক) কলেজ ওয়েবসাইট (www.mccollege.edu.bd) Online Masters (Private) Registration-2020 অপশনে ক্লিক করে Start online Admission-এ গিয়ে রকেট ট্রানজেকশন নম্বর ও ভর্তির রোল নম্বর লিখে Submit button এ ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্যছকে সঠিকভাবে ভর্তি ফরমের পিন নম্বর, ভর্তি রোল নম্বর ও মোবাইল নম্বর লিখে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডাউনলোডকৃত আবেদন ফরমটি স্ক্যান করে আপলোড দিতে হবে।

খ) ১৭.০২.২০২২ তারিখ থেকে ২৭.০২.২০২২ তারিখ বিকাল ৪.০০ টা পর্যন্ত আবেদনকারী নির্ধারিত ফি ১,৩৫০/- (এক হাজার তিনশত পঞ্চাশ) টাকা রকেট এর মাধ্যমে জমা দিতে পারবে।

গ) কলেজ ওয়েবসাইটে অনলাইন আবেদন আগামী ১৭.০২.২০২২ তারিখ থেকে ২৭.০২.২০২২ তারিখ রাত ১২.০০ টার মধ্যে দাখিল করতে হবে।

| | |
|---|---|
| **শিক্ষার্থী কর্তৃক জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আবেদনের তারিখ:** | **১৫.০২.২০২২ থেকে ২৭.০২.২০২২ পর্যন্ত** |
| **"রকেট" এর মাধ্যমে টাকা জমাদানের তারিখ:** | **১৭.০২.২০২২ থেকে ২৭.০২.২০২২ বিকাল ০৪.০০ টা পর্যন্ত** |
| কলেজ ওয়েবসাইটে আবেদন ফরম জমা দেওয়ার **তারিখ:** | **১৭.০২.২০২২ থেকে ২৭.০২.২০২২ রাত ১২.০০ টা পর্যন্ত** |

**"রকেট" এ টাকা জমাদানের Biller ID: 4089**

বি:দ্র: ১. কলেজ ওয়েবসাইটে আবেদন ফরম জমা করার পর কোনভাবেই আবেদন ফরম সংশোধন করা যাবে না।

২. আবেদন সংক্রান্ত যে কোন পরামর্শ নেওয়ার জন্য প্রয়োজনে কলেজের তথ্য ও অনুসন্ধান কেন্দ্রে অফিস সময়ের মধ্যে যোগাযোগ করা যেতে পারে।

**এছাড়াও বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে।**

অধ্যক্ষ ১৫/০২/২০২২
মুরারিচাঁদ কলেজ, সিলেট

Principal
M.C. College, Sylhet
১৫/০২/২০২২